# AKASHVANI(AIR)
## RNU: KOLKATA
## Bengali Text Bulletin

**Date 26-06 2026** **Time: 1.30 PM**

বিশেষ বিশেষ খবরঃ-

১/ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল সেশেলসে তিনদিনের সফরে যাচ্ছেন। #সে-দেশের জাতীয় দিবসের সুবর্ণজয়ন্তী উদযাপনের অনুষ্ঠানে যোগ দেবেন তিনি।

২/ ২০৪৭ সালের মধ্যে বিকশিত ভারত গড়ে তোলার লক্ষ্যে মহিলারাই উন্নয়নের চালিকাশক্তি – সাংহাই সহযোগিতা সংগঠনে বললেন কেন্দ্রীয় নারী ও শিশু বিকাশ মন্ত্রী অন্নপূর্ণা দেবী।

৩/ আগামী ১৫ই জুলাই থেকে ভারত – ব্রিটেন সর্বাত্মক অর্থনৈতিক অংশীদারিত্ব চুক্তি কার্যকর হতে চলেছে বলে কেন্দ্রীয় শিল্প ও বাণিজ্য মন্ত্রী পীযূষ গোয়েল জানিয়েছেন।

৪/ এ আই প্রযুক্তির বিকাশে নির্ভরযোগ্য ব্যবস্থাপনা গড়ে তোলার লক্ষ্যে ভারত সহ ৩৪ টি দেশ প্যাক্স সিলিকা শিখর সম্মেলনে একটি ঘোষণাপত্রে স্বাক্ষর করেছে।

৫/ বিশ্বকাপ ফুটবলে, আজ, নরওয়ে, ফ্রান্সের ও সেনেগাল, ইরাকের বিরুদ্ধে খেলবে।

oooooooooooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সেশেলসের জাতীয় দিবসের সুবর্ণ জয়ন্তী উদযাপনে সম্মাননীয় অতিথি হিসেবে যোগ দিতে আগামীকাল থেকে ২৯ তারিখ

পর্যন্ত সে-দেশ সফর করবেন। বিদেশমন্ত্রক এক বিবৃতিতে জানিয়েছে, এই উদযাপনে ভারতীয় প্রতিরক্ষা বাহিনীর একটি দল এবং ভারতীয় নৌবাহিনীর দুটি জাহাজ অংশ নেবে।

সফরকালে প্রধানমন্ত্রী মোদী, সেশেলসের প্রেসিডেন্ট ড. প্যাট্রিক হারমিনির সঙ্গে দ্বিপাক্ষিক সহযোগিতার বিভিন্ন দিক পর্যালোচনা করার পাশাপাশি পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট বিভিন্ন আঞ্চলিক ও আন্তর্জাতিক বিষয়ে মতবিনিময় করবেন। এছাড়া প্রধানমন্ত্রী, সেশেলসের জাতীয় পরিষদে ভাষণ দেবেন এবং সেখানে বসবাসরত ভারতীয় সম্প্রদায়ের সদস্যদের সঙ্গে মতবিনিময় করবেন।
প্রধানমন্ত্রীর এই সফর ভারত ও সেশেলসের মধ্যে শক্তিশালী ও দীর্ঘস্থায়ী বন্ধুত্বকে আরও শক্তিশালী করবে বলে আশা করা হচ্ছে।

ooooooooooooooooooooooooo

ভারত, 'সাংহাই সহযোগিতা সংগঠন SCO-এর Women's Forum ২০২৬-এ মহিলাদের নেতৃত্বে উন্নয়নের প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করেছে।কিরগিজস্তানের বিশকেকে আয়োজিত এই সম্মেলনে ভার্চুয়াল মাধ্যমে বক্তব্য রাখার সময় নারী ও শিশুবিকাশ মন্ত্রী অন্নপূর্ণা দেবী বলেন, মহিলারা কেবল উন্নয়নের সুবিধাভোগীই নন, বরং ২০৪৭ সালের মধ্যে 'বিকশিত ভারত' গড়ে তোলার ক্ষেত্রে তাঁরাই সবচেয়ে শক্তিশালী চালিকাশক্তি।

অর্থনৈতিক উন্নয়নে মহিলাদের ভূমিকার কথা তুলে ধরে মন্ত্রী বলেন, বর্তমানে প্রায় ১০ কোটি মহিলা ৯০ লক্ষেরও বেশি স্বনির্ভর গোষ্ঠীর সঙ্গে যুক্ত রয়েছেন, যাদের মধ্যে প্রায় ৩ লক্ষেরও বেশি মহিলা 'লখপতি দিদি' হয়ে উঠেছেন। তিনি জানান, 'মিশন শক্তি' এবং 'মিশন পোষণ ২.০'-এর মতো প্রকল্পগুলির মাধ্যমে মহিলাদের নিরাপত্তা ও অর্থনৈতিক অংশগ্রহণ সুনিশ্চিত করা হয়েছে। সমগ্র বিশ্বে মহিলাদের অর্থনৈতিক নেতৃত্ব এবং কল্যাণ নিশ্চিত করতে SCO-এর অংশীদার রাষ্ট্রগুলির সঙ্গে সহযোগিতা আরও জোরদার করতে ভারত সম্পূর্ণ প্রস্তুত বলেও অন্নপূর্ণা দেবী জানান।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

ভারতে নিযুক্ত জার্মান রাষ্ট্রদূত ফিলিপ অ্যাকারম্যান বলেছেন, পুনর্নবীকরনযোগ্য শক্তির ক্ষেত্রে ভারত অন্যতম গুরুত্বপূর্ণ নেতৃস্থানীয় দেশ হিসেবে উঠে এসেছে। একটি সংবাদ সংস্থাকে দেওয়া সাক্ষাৎকারে তিনি ভারত ও জার্মানির মধ্যে 'পরিবেশবান্ধব ও সুস্থায়ী উন্নয়ন বিষয়ক অংশীদারিত্ব'-এর সাফল্যের ওপর জোর দেন। বাণিজ্য, রাজনীতি ও কৌশলগত ক্ষেত্রে উভয় দেশের মধ্যে সহযোগিতার বিষয়টি তুলে ধরেন। দীর্ঘ প্রতীক্ষিত ভারত-ইউরোপীয় ইউনিয়ন মুক্ত বাণিজ্য চুক্তির প্রসঙ্গ উল্লেখ ক'রে রাষ্ট্রদূত অ্যাকারম্যান এব্যাপারে দ্রুত সমাধানের বিষয়ে আশা প্রকাশ করেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

উত্তরপ্রদেশে অযোধ্যায় শ্রী রাম জন্মভূমি তীর্থ ক্ষেত্র ট্রাস্টের অনুদান সংক্রান্ত মামলায় দায়ের করা FIR-এ নাম থাকা ৮ জনকে গ্রেপ্তার করেছে পুলিশ। ধৃত অবিনাশ শুক্লা, অনুকল্প মিশ্র, লভকুশ মিশ্র, মণীশ কুমার যাদব, করুণেশ পাণ্ডে, রামশঙ্কর মিশ্র, সুভাষ শ্রীবাস্তব এবং শ্রী রাম শঙ্কর যাদব ওরফে টিন্নু-র পাশাপাশি অজ্ঞাতপরিচয় আরও কয়েকজনকে অভিযুক্ত হিসেবে এফ আই আর-এ উল্লেখ করা হয়েছে।

মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথের নির্দেশে গঠিত বিশেষ তদন্তকারী দলের সুপারিশের ভিত্তিতে এফ আই আর দায়ের করা হয়। ট্রাস্টের সদস্য কৃষ্ণমোহনের লিখিত অভিযোগের ভিত্তিতে শ্রী রাম জন্মভূমি থানায় মামলাটি নথিভুক্ত করা হয়।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

কেন্দ্রীয় কৃষি ও কৃষক কল্যাণ এবং গ্রামীণ উন্নয়ন মন্ত্রী শিবরাজ সিং চৌহান আজ উত্তরাখণ্ডের রুদ্রপুরে আয়োজিত 'খেত বাঁচাও অভিযান' কর্মসূচিতে কৃষকদের সঙ্গে মতবিনিময় করবেন। এই কর্মসূচিতে রাজ্যের মুখ্যমন্ত্রী পুষ্কর সিং

ধামি সহ রাজ্যের অন্যান্য মন্ত্রীরা, একাধিক জনপ্রতিনিধি এবং বিপুল সংখ্যক কৃষক উপস্থিত থাকবেন। এরপর পন্তনগরে শ্রী চৌহান, মুখ্যমন্ত্রী ধামি-র সঙ্গে একটি উচ্চপর্যায়ের বৈঠকে মিলিত হবেন।এই বৈঠকে কৃষি ও গ্রামীণ উন্নয়ন প্রকল্পগুলোর বাস্তবায়ন পর্যালোচনা, কৃষকদের কাছে সরকারি সুযোগ-সুবিধা পৌঁছানোর বিষয়টি খতিয়ে দেখা সহ ভবিষ্যৎ কর্মপন্থা নিয়ে আলোচনার সম্ভাবনা রয়েছে।

oooooooooooooooooooooooooo

সাহিত্যসম্রাট ঋষি বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের ১৮৮তম জন্মবার্ষিকী আজ দেশজুড়ে যথাযোগ্য মর্যাদার সঙ্গে পালন করা হচ্ছে।

সাহিত্যসম্রাটের জন্মবার্ষিকী উপলক্ষ্যে কেন্দ্রীয় সরকারের সংস্কৃতি মন্ত্রকের পূর্বাঞ্চল সংস্কৃতি কেন্দ্রের পক্ষ থেকে শান্তিনিকেতনের সৃজনী শিল্পগ্রামে বিশেষ অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। সংস্কার ভারতীর পশ্চিমবঙ্গ শাখার পক্ষ থেকে ভিক্টোরিয়া মেমোরিয়াল হলেও এক বিশেষ অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ, লোকসভার অধ্যক্ষ ওম বিড়লা এই উপলক্ষ্যে আজ সাহিত্যিকের প্রতি শ্রদ্ধা নিবেদন করেছেন।

oooooooooooooooooooooooooo

দেশজুড়ে আজ ধর্মীয় মর্যাদায় আশুরা-এ-মুহররম পালন করা হচ্ছে। কারবালায় সত্য, ন্যায় ও সুবিচার প্রতিষ্ঠার লক্ষ্যে জীবন উৎসর্গকারী পয়গম্বর হযরত মহম্মদ-এর নাতি হযরত ইমাম হোসেন এবং তাঁর সঙ্গীদের শহীদ হওয়ার স্মরণে এই দিনটি পালিত হয়। এই উপলক্ষে দেশের বিভিন্ন প্রান্তে তাজিয়া মিছিল বের করা হচ্ছে। মহরমকে কেন্দ্র করে ব্যাপক নিরাপত্তা ব্যবস্থাও গ্রহণ করা হয়েছে।

মহরম উপলক্ষ্যে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সমাজমাধ্যমে এক বার্তায় হজরত ইমাম হুসেনের সততা ও ন্যায়ের জন্য আত্মবলিদানের কথা স্মরণ করেছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

আজ আন্তর্জাতিক মাদক বিরোধী দিবস। দেশ জুড়ে সর্বত্র মাদক দ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচার নিয়ে সচেতনতামূলক প্রচার অনুষ্ঠানের মধ্য দিয়ে দিনটি পালিত হচ্ছে। এবার বিশ্ব মাদক বিরোধী দিবসের ভাবনা 'সিন্থেটিক ড্রাগ'। আফিম বা কোকেনের আসক্তি থেকে এবার থাবা বসিয়েছে ল্যাবরেটরিতে তৈরি সিন্থেটিক ড্রাগ। স্কুল কলেজের পড়ুয়াদের এই ড্রাগের প্রভাব থেকে মুক্ত করতে চলছে বিভিন্ন সতর্কতামূলক প্রচার।

উল্লেখ্য, মাদক দ্রব্যের ক্ষতিকারক ব্যবহার প্রতিরোধ ও মাদক মুক্ত সমাজ গড়ে তোলার লক্ষ্যে ১৯৮৭ সালে রাষ্ট্র সংঘের সাধারণ পরিষদ ২৬ শে জুন দিনটি কে মাদক দ্রব্যের অপব্যবহার ও পাচার প্রতিরোধ দিবস হিসেবে ঘোষণা করে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

কেন্দ্রীয় বাণিজ্য ও শিল্পমন্ত্রী পীযূষ গোয়েল জানিয়েছেন, লন্ডনে তিনি ব্রিটেনের বাণিজ্য ও শিল্প বিষয়ক মন্ত্রী পিটার কাইলের সঙ্গে দু'দেশের মধ্যে অর্থনৈতিক ও বাণিজ্যিক সহযোগিতা আরও জোরদার করার বিষয়ে ফলপ্রসূ আলোচনা করেছেন। সমাজমাধ্যমে এক বার্তায় শ্রী গোয়েল এ-কথা জানিয়ে বলেন, আগামী মাসের ১৫ তারিখ থেকে ভারত-ব্রিটেন সর্বাত্মক অর্থনৈতিক ও বাণিজ্য চুক্তি CETA এবং 'ডাবল কন্ট্রিবিউশন কনভেনশন' DCC কার্যকর হতে চলেছে। উদ্ভাবন, বিনিয়োগ এবং উভয় দেশের সামগ্রিক বিকাশকে ত্বরান্বিত করার উপযোগী পরিবেশ গড়ে তুলতে দু'দেশই প্রতিশ্রুতিবদ্ধ বলে শ্রী গোয়েল উল্লেখ করেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

কৃত্রিম বুদ্ধিমত্তা বা এ আই প্রযুক্তির বিকাশে নির্ভরযোগ্য ও শক্তিশালী সরবরাহ ব্যবস্থা গড়ে তোলার লক্ষ্যে মার্কিন যুক্তরাষ্ট্রের নেতৃত্বে একটি ঘোষণাপত্রে ভারত সহ ৩৪টি দেশ স্বাক্ষর করেছে। গতকাল ওয়াশিংটনে অনুষ্ঠিত দ্বিতীয় 'প্যাক্স সিলিকা শিখর

সম্মেলনে মার্কিন যুক্তরাষ্ট্রের অর্থনৈতিক বিষয়ক আন্ডার সেক্রেটারি জ্যাকব হেলবার্গ ‘এ আই অপরচুনিটি’ বিষয়ে এই ঘোষণাপত্র তুলে ধরেন।

( বাইট – জ্যাকব/এ আই প্রযুক্তি)

এর আওতায় আওতায় অংশগ্রহণকারী দেশগুলো এ আই-এর যুগে বিকাশ ও উদ্ভাবন-উপযোগী একটি আইনি কাঠামো অনুসরণের বিষয়ে ঐকমত্য পোষণ করেছে।

সম্মেলনে ভারতের প্রতিনিধিত্ব করেন ইলেকট্রনিক্স ও তথ্যপ্রযুক্তি মন্ত্রকের সচিব এস. কৃষ্ণন এবং ভারতীয় শিল্পক্ষেত্রের একটি প্রতিনিধিদল। তাঁরা সেমিকন্ডাক্টর, কৃত্রিম বুদ্ধিমত্তা এবং প্রযুক্তি ক্ষেত্রে শক্তিশালী সরবরাহ ব্যবস্থা গড়ে তোলার ক্ষেত্রে পারস্পরিক সহযোগিতা বৃদ্ধির বিষয়ে শিল্পক্ষেত্রের নেতৃবৃন্দের সঙ্গে মতবিনিময় করেন। আর্জেন্টিনা, চিলি, কোস্টারিকা, জার্মানি, গ্রিস, কাজাখস্তান, নেদারল্যান্ডস, পানামা এবং ইউরোপীয় ইউনিয়নও ‘প্যাক্স সিলিকা’ উদ্যোগে যুক্ত হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

মার্কিন প্রশাসন, ভারত – প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে তাদের ‘আমেরিকা প্রথম’ নীতির আওতায় ‘কোয়াড’-এর মাধ্যমে ভারতের সঙ্গে সহযোগিতার পরিসর বাড়াতে উদ্যোগী হয়েছে। গুরুত্বপূর্ণ খনিজ সম্পদের সরবরাহ ব্যবস্থার ক্ষেত্রে চীনের ওপর নির্ভরতা কমানোর কথাও ভাবা হচ্ছে। মার্কিন বিদেশ দপ্তরের পূর্ব এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয় বিষয়ক অ্যাসিস্ট্যান্ট সেক্রেটারি মাইকেল জি. ডি-সোম্ব্রে ‘হাউস ফরেন অ্যাফেয়ার্স সাব-কমিটি অন ইস্ট এশিয়া অ্যান্ড দ্য প্যাসিফিক’-এর সামনে সাক্ষ্য দেওয়ার সময় বলেন যে, মার্কিন যুক্তরাষ্ট্রের কাছে এই অঞ্চল কৌশলগতভাবে অত্যন্ত গুরুত্বপূর্ণ। ‘কোয়াড’-এর পাশাপাশি জাপান, দক্ষিণ কোরিয়া ও ফিলিপিন্সের সঙ্গে ত্রিপাক্ষিক সহযোগিতা এবং ‘অকাস’-এর মতো গুরুত্বপূর্ণ অংশীদারিত্বের ওপরও এতে গুরুত্ব দেওয়া হয়েছে। এছাড়া, তাইওয়ান প্রণালীতে শান্তি

বজায় রাখা, নৌ-চলাচলের স্বাধীনতা রক্ষা, সামুদ্রিক আইন প্রয়োগ ব্যবস্থা শক্তিশালী করার ওপর বিশেষ মনোযোগ দিচ্ছে ওয়াশিংটন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

**অস্ট্রেলিয়াকে আনুমানিক ২৫০ মিলিয়ন মার্কিন ডলার মূল্যের এফএ-১৮এফ সুপার হর্নেট** (FA-18F Super Hornet) ও ইএ-১৮জি গ্রাউলার (EA-18G Growler) যুদ্ধবিমানের প্রশিক্ষণ এবং সংশ্লিষ্ট সরঞ্জাম বিক্রি সংক্রান্ত অনুমোদনের কথা জানাল মার্কিন যুক্তরাষ্ট্রের বিদেশ দপ্তর। এই বিক্রয় সংক্রান্ত চুক্তি যুক্তরাষ্ট্রের বিদেশনীতি ও জাতীয় নিরাপত্তার লক্ষ্য অর্জনে সহায়তা করবে বলেও জানিয়েছে তারা। উল্লেখ্য পশ্চিম প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে অস্ট্রেলিয়া যুক্তরাষ্ট্রের অন্যতম গুরুত্বপূর্ণ মিত্র। নিজেদের মিত্রকে শক্তিশালী ও সর্বদা আত্মরক্ষা ক্ষেত্রে প্রস্তুত করে গড়ে তুলতে ও তা বজায় রাখতে সহায়তা করা মার্কিন যুক্তরাষ্ট্রের জাতীয় স্বার্থের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ বলেও জানিয়েছে মার্কিন বিদেশ দপ্তর।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

ভেনেজুয়েলায় ভয়াবহ জোড়া ভূমিকম্পে মৃতের সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ২৩৫। আহত ১,৫০০-এরও বেশি। উদ্ধারকর্মীরা ধ্বংসস্তূপের মধ্যে তল্লাশি চালাচ্ছেন। কারাকাস এবং পার্শ্ববর্তী উপকূলীয় শহর লা গুয়াইরায় ধসে পড়া ভবনের ধ্বংসস্তূপের নিচ থেকে মানুষের আর্তনাদ শোনা যাচ্ছে। ভারত সহ বেশ কয়েকটি দেশ উদ্ধারকাজে সহায়তার প্রতিশ্রুতি দিয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

ইউরোপ জুড়ে তীব্র তাপপ্রবাহের জেরে ভয়াবহ পরিস্থিতি তৈরি হয়েছে। এর ফলে তাপমাত্রা অতীতের সব রেকর্ড ভেঙে ফেলছে। এই তাপপ্রবাহের কারণে বিদ্যুৎ সরবরাহ ব্যাহত হচ্ছে এবং বিদ্যালয় ও সাংস্কৃতিক প্রতিষ্ঠানগুলি বন্ধ রাখতে বাধ্য

হচ্ছে বিভিন্ন দেশ। ফ্রান্স এই সপ্তাহে ইতিহাসের সর্বোচ্চ তাপমাত্রার সাক্ষী থেকেছে। সেদেশের পশ্চিম অঞ্চলের তাপমাত্রা ৩৯ ডিগ্রি সেলসিয়াস থেকে ৪৩ ডিগ্রি সেলসিয়াসের মধ্যে ওঠানামা করেছে। গত বুধবার ছিল ব্রিটেনের ইতিহাসে জুনের উষ্ণতম দিন, এদিন সেখানে পারদ উঠেছিল ৩৬.১ ডিগ্রি সেলসিয়াসে। স্পেন, জার্মানি, অস্ট্রিয়া, নেদারল্যান্ডস এবং সুইজারল্যান্ডের বিভিন্ন অঞ্চলেও জুনের তাপমাত্রার রেকর্ড ভেঙে গেছে।

ফ্রান্সে তীব্র গরম থেকে স্বস্তি পেতে জলে ডুবে গত এক সপ্তাহে বহু মানুষের প্রাণহানির ঘটনা ঘটেছে। সেদেশের প্রধানমন্ত্রী সেবাস্তিয়ান লেকর্নু জানিয়েছেন, এমত পরিস্থিতিতে হাসপালগুলিতে কর্মী সংখ্যা বাড়ানো এবং স্বাস্থ্য পরিষেবা সর্বোচ্চ পর্যায়ে নিয়ে যাওয়া হচ্ছে।

রাষ্ট্রসংঘের জলবায়ু পরিবর্তন বিষয়ক বিভাগের প্রধান সাইমন স্টিল বলেছেন, ইউরোপের এই দাবদাহের পেছনে জলবায়ু সংকটের স্পষ্ট প্রভাব রয়েছে। তিনি, পুনর্নবীকরণ শক্তি ব্যবহার বৃদ্ধি , বনভূমি রক্ষা এবং জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবিলার সক্ষমতা বাড়ানোর আহ্বান জানিয়েছেন।

ooooooooooooooooooooooooo

বিশ্বকাপ ফুটবলে আজ ভারতীয় সময় রাত সাড়ে ১২-টায় গ্রুপ আই-এর ম্যাচে, ফক্সবরো স্টেডিয়ামে, নরওয়ে, ফ্রান্সের ও টরন্টো স্টেডিয়ামে, সেনেগাল, ইরাকের বিরুদ্ধে খেলবে।

গ্রুপ ডি-র ম্যাচে প্যারাগুয়ে ও অস্ট্রেলিয়ার মধ্যে খেলাটি গোলশূন্য ড্র হয়। অন্য ম্যাচে, তুরস্ক, মার্কিন যুক্তরাষ্ট্রকে ৩-২ গোলে হারিয়ে দিয়েছে।

এছাড়া গ্রুপ এফ-এর খেলায় নেদারল্যান্ডস ৩-১ গালে তিউনেশিয়াকে হারিয়ে দেয়। অন্য ম্যাচে, জাপান ও সুইডেনের মধ্যে খেলাটি ১-১ গোলে ড্র হয়। এরফলে,

গ্রুপ ডি থেকে মার্কিন যুক্তরাষ্ট্র ও অস্ট্রেলিয়া এবং গ্রুপ এফ থেকে জাপান ও নেদারল্যান্ডস দ্বিতীয় রাউন্ডে খেলার যোগ্যতা অর্জন করেছে।

দ্বিতীয় রাউন্ডে নেদারল্যান্ডস মরক্কোর ও জাপান, ব্রাজিলের মুখোমুখি হবে।

এছাড়া তৃতীয় স্থানাধিকারী হিসেবে গ্রুপ এফ থেকে সুইডেন, গ্রুপ ই থেকে ইকুয়েডার ও গ্রুপ বি থেকে বসনিয়া হার্জেগোভিনা পরের রাউন্ডে খেলার ছাড়পত্র পেয়েছে।

oooooooooooooooooooooooo

পুরুষদের FIH প্রো লিগ হকির সেমিফাইনালে, আজ ভারত চিরপ্রতিদ্বন্দ্বী পাকিস্তানের মুখোমুখি হবে। লন্ডনের ‘লি ভ্যালি হকি অ্যান্ড টেনিস সেন্টার’-এ খেলা শুরু হবে রাত ১০ টা বেজে ৩০ মিনিটে।

এই সপ্তাহের শুরুতেই এই দুই দল মুখোমুখি হয়। সেই ম্যাচে ভারত ৪-৩ ব্যবধানে জয় পেয়েছিল। ইংল্যান্ডের বিপক্ষে গতকাল খেলার পর মাত্র ২৪ ঘণ্টারও কম সময়ের মধ্যে আবার মাঠে নামছে ভারত।

ooooooooooooooooooooooooo

ooooooooooooooooooooooo